

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 09-09-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার পূর্বাশার আরবান হাটে ৫ দিন ব্যাপী প্রথম জাতীয় সংহতি শিবিরের উদ্বোধন করেন।
- (২) বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, চাকমা, ককব্রক সহ আটটি ভাষার উন্নয়নের জন্য রাজ্য সরকার এডভাইজারি কমিটি তৈরি করেছে।
- (৩) নতুন সংসদ ভবনে উপ-রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগণনা চলছে।
- (৪) জাতীয় অনূর্ধ্ব ১৩ বছরের দাবা প্রতিযোগিতায় উত্তরপূর্বের সর্বকনিষ্ঠ ক্যান্ডিডেট মাস্টার ত্রিপুরার আরাধ্য দাস বালিকা বিভাগে নবম স্থান দখল করেছে।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার পূর্বাশার আরবান হাটে ৫ দিন ব্যাপী প্রথম জাতীয় সংহতি শিবিরের উদ্বোধন করেন। তিনি বলেন, একটি জাতির অগ্রগতির জন্য তরুণরা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যারা তাদের শক্তি, উদ্ভাবন এবং শাসন, সামাজিক পরিবর্তন এবং অর্থনৈতিক প্রবৃক্ষিতে নেতৃত্বের মাধ্যমে উন্নয়নকে রূপ দেয়। তিনি বলেন, স্কাউটস এন্ড গাইডস প্রাকৃতিক বিপর্যয়ের মধ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

Byte-CM#####

অনুষ্ঠানে বক্তব্য রাখেন যুব ও ক্রীড়া বিষয়ক মন্ত্রী টিক্সু রায়। এই শিবিরে ১৮টি রাজ্য থেকে মোট ৩৬৮ জন স্কাউটস এন্ড গাইডস অংশগ্রহণ করছেন।

CM-ART COLLEGE :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলা লিচুবাগানে সরকারি চার্ক ও কার্কুলা মহাবিদ্যালয় ৫০ বছর পূর্তি উপলক্ষে পাঁচদিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী ক্যানভাসে রং তুলি বুলিয়ে অনুষ্ঠানের সূচনা করেন। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অভিজিৎ ভট্টাচার্য কলেজের ৫০ বছরের ইতিহাস তুলে ধরেন। বর্ষব্যাপী অনুষ্ঠানের অঙ্গ হিসেবে থাকছে সেমিনার, কর্মশালা, প্রদর্শনী। ৫০ বছর পূর্তি উপলক্ষে কলেজ প্রাঙ্গনে নবীন ও প্রবীন শিল্পীদের চিত্র ও ভাস্কর্য প্রদর্শনী ঘূরে দেখেন তিনি। কলেজের প্রথম ব্যাচের ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন করেন তিনি। এছাড়া কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষদেরও সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। ললিত কলা একাডেমী জাতীয় পুরস্কারপ্রাপ্ত দুজনকে সংবর্ধিত করা হয়।

Bikash Debarma Visit Girl's Hostel :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ আগরতলার কৃষ্ণনগরে ভগিনী নিবেদিতা ছাত্রী আবাস পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি এই চাটি আবাসের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন এবং তা সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন।

Workshop :

পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ডাঃ বিশাল কুমারের পৌরোহিত্যে আজ জেলাশাসকের কার্যালয়ে এম.জি.এন রেগা ও প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার অন্তর্গত সোশ্যাল অডিটের উপর জেলাভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়। জেলাশাসক ডাঃ কুমার জানান এই কর্মশালায় বিভিন্ন ক্ল্যাগশিপ কর্মসূচি বাস্তবায়নে স্বচ্ছতা ও মানুষের অংশগ্রহণের উপর জোর দেওয়া

হয়। কর্মশালায় বিভিন্ন ক্লকের বি.ডি.ও-রা, পঞ্চায়েত সদস্যরা, ও সোশ্যাল অডিটর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

Chakma Language :

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, চাকমা, ককবরক সহ আটটি ভাষার উন্নয়নের জন্য রাজ্য সরকার এডভাইজারি কমিটি তৈরি করেছে। আজ চাকমা ভাষা উন্নয়নের জন্য গঠিত এডভাইজারি কমিটির বৈঠকে পৌরহিত্য করেন বিদ্যুৎ মন্ত্রী তথা চাকমা ভাষা উন্নয়নে গঠিত এডভাইজারি কমিটির পৃষ্ঠপোষক রতন লাল নাথ।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হিমাচল প্রদেশ ও পাঞ্জাবের বন্যা পরিস্থিতি আকাশপথে পরিদর্শন করেন। মেঘভাঙ্গা বৃষ্টি ও ভূমিক্ষমসের ফলে ক্ষতিগ্রস্ত এলাকার ক্ষয়ক্ষতি নিয়েও তিনি পর্যালোচনা করেন।

One Nation One Election :

প্রদেশ যুব মোচার উদ্যোগে আজ আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে এক দেশ এক নির্বাচন বিষয়ে ছাত্রছাত্রীদের নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন প্রদেশ যুব মোচার সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব, সহ-সভাপতি ভিকি প্রসাদ। শ্রী দেব বলেন, এই কর্মশালার মূল উদ্দেশ্য হচ্ছে ছাত্রছাত্রীদের এক দেশ এক নির্বাচনের গুরুত্ব সম্পর্কে অবহিত করা।

MLA Birajit Sinha :

কৈলাশহর জেলা কংগ্রেসের পক্ষ থেকে বিভিন্ন দাবিতে আগামী এগারোই সেপ্টেম্বর বারো ঘন্টার কৈলাশহর মহকুমা বন্ধ আহ্বান করা হয়েছে। আজ

সন্ধ্যায় কৈলাশহরে কংগ্রেস ভবনে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান বিধায়ক বীরজিঃ সিংহ। তিনি জানান, দাবিগুলোর মধ্যে রয়েছে, কৈলাশহর'কে রেল মানচিত্রে স্থান দেওয়া, বন্ধ বিমানবন্দর চালু করা, শারদ উৎসবের আগে MGNREGA এর মাধ্যমে গ্রামীণ জনগণের কাজের ব্যবস্থা করা। সাংবাদিক সম্মেলনে PCC সদস্য রঞ্জেন্দ্র ভট্টাচার্য, জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte# # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিস্টি. ডিস্টি. ডিস্টি ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Vice-President Election :

এনডিএ প্রার্থী এবং মহারাষ্ট্রের রাজ্যপাল সি পি রাধাকৃষ্ণণ উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচিত হয়েছেন। তিনি ইন্ডিয়া স্লেকের প্রার্থী এবং সুপ্রিমকোর্টের প্রাক্তন বিচারপতি বি সুদর্শন রেডিকে ১৫২ ভোটের ব্যবধানে প্রার্জিত করেছেন।

Package Story-GST Reforms :

দ্বিতীয় প্রজন্মের পণ্য ও পরিষেবা কর সংস্কারের ফলে দেশের প্রধানমন্ত্রী নৱেন্দ্র মোদীর স্বাধীনতা দিবসের ঘোষণার অনুকূল সিদ্ধান্ত গ্রহণ করেছে পণ্য ও পরিষেবা কর পরিষদ। এর ফলে কর ব্যবস্থা সরল হয়েছে। আগের চারস্তৱের কর ব্যবস্থার বাবো শতাংশ এবং আঠাশ শতাংশের ধাপ তুলে দিয়ে এই দুই ধাপের বহু পণ্যের কর হার কমিয়ে ৫ এবং ১৮ শতাংশে নিয়ে আসা হয়েছে। সেস প্রদানের বিষয় তুলে দেওয়ার পাশাপাশি ক্ষতিকারক সামগ্রীতে কর হার ৪০ শতাংশে নিয়ে যাওয়া হয়েছে। শুনুন একটি প্রতিবেদন।

#####VC#####

Mangalkabya Puthi Panchali-Mayor :

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে যোগেন্দ্রনগরস্থিত বনকুমারী নাট মন্দিরে আজ থেকে দুদিনব্যাপী মঙ্গলকাব্য ও পুঁথি পাঁচালী পাঠ উৎসব শুরু হয়েছে। উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। তিনি বলেন, লোক সংস্কৃতি হলো সমাজের ধারক ও বাহক। লোকসংস্কৃতি হারিয়ে গেলে সমাজের এগিয়ে চলার গতিও থমকে যাবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, পশ্চিম ত্রিপুরা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য সুব্রত চক্রবর্তী প্রমুখ।

Ranjit Bhattacharya passed away :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের প্রাক্তন সম্পাদক তথা রাজ্যের বিশিষ্ট ফুটবল সংগঠক টাউন ক্লাবের প্রতিষ্ঠাতা রঞ্জিত ভট্টাচার্য গতকাল রাতে আগরতলার একটি বেসরকারী হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। আজ দুপুরে বটতলা মহাশূশানে তাঁর শেষ

কৃত্য সম্পন্ন হয়েছে। রাজ্য ফুটবল এসোসিয়েশনের সভাপতি প্রণব সরকার, সচিব অমিত চৌধুরী প্রয়াতের শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। প্রসঙ্গত ১৯৬৯ সালে তাঁর হাত ধরে ময়দানের ঐতিহ্যবাহী টাউন ক্লাব প্রতিষ্ঠা হয়েছিল।

9th Aaradhyā :

গোয়ায় অনুষ্ঠিত জাতীয় অনূর্ধ্ব ১৩ বছরের দাবা প্রতিযোগিতায় উত্তরপূর্বের সর্বকনিষ্ঠ ক্যান্ডিডেট মাস্টার ত্রিপুরার আরাধ্যা দাস বালিকা বিভাগে নবম স্থান দখল করেছে। এগারো রাউন্ডে ৪ পয়েন্ট পায় আরাধ্যা। বালিকা বিভাগে রাজ্যের অপর দাবাড়ু অঙ্কিতা সরকার ছয় পয়েন্ট পেয়ে ৭৫ স্থান পায়। অপরদিকে, বালক বিভাগে রাজ্যের দাবাড়ুদের মধ্যে শাক্য সিংহ মোদক সাত পয়েন্ট নিয়ে ৬৫ স্থানে ও অভ্রনীল দে সাড়ে চার পয়েন্ট পেয়ে ২৯৬ স্থান পায়।

Weather :

আগামী ২৪ ষন্টায় রাজ্যের সবকটি জেলাতে ভারী বৃষ্টিপাতার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস।
